



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
'Knowledge for enlightenment'



নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ

স্মারক নম্বর-

তারিখ: ১০.০৫.২০২৬ খ্রি.


২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের দ্বাদশ শ্রেণির সাপ্তাহিক ও মাসিক ক্লাসটেস্ট সংক্রান্ত

॥ বিজ্ঞপ্তি ॥

সম্মানিত বিভাগীয় প্রধানগণকে জানানো যাচ্ছে যে, বিগত বছরগুলোতে দ্বাদশ শ্রেণির ক্লাসে অংশগ্রহণে শিক্ষার্থীদের অনীহা ও তার ফলস্বরূপ ক্লাসে অনুপস্থিতির বিষয়টি গভীরভাবে পর্যবেক্ষণের আলোকে দ্বাদশ শ্রেণির পাঠদান কার্যক্রমের ইতিবাচক পরিমার্জনের গুরুত্ব অ্যাকাডেমিক ও স্টাফ কাউন্সিল সভায় উপস্থাপন করা হয়। সম্মানিত বিভাগীয় প্রধান ও শিক্ষকমণ্ডলী এই পরিমার্জনের পক্ষে মতামত প্রকাশ করেন। এই প্রেক্ষিতে ১৯.০৪.২০২৬ খ্রি. তারিখের স্টাফ কাউন্সিল সভার সিদ্ধান্তের আলোকে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের এইচএসসি শিক্ষার্থীদের দ্বাদশ শ্রেণির পাঠদান কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নতুন ধারা প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহীত হয়েছে। এক্ষেত্রে পঠিত অধ্যায়/নির্দিষ্ট টপিকের উপর শিক্ষার্থীদের প্রদত্ত MCQ নোটের আলোকে সংশ্লিষ্ট শিক্ষক বাধ্যতামূলকভাবে সাপ্তাহিক ক্লাস টেস্ট নেবেন। পাশাপাশি প্রতিমাসের শেষে আবশ্যিকভাবে অনুষ্ঠিত হবে পঠিত সিলেবাসের উপর মাসিক CQ পরীক্ষা। এই পরীক্ষাটি সমন্বিতভাবে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের নিয়ে পূর্ব নির্ধারিত রুটিন অনুযায়ী অনুষ্ঠিত হবে। এবিষয়ে বিস্তারিত নিয়ম কানুন ও পরীক্ষার রুটিন পরবর্তীতে জানানো হবে।

উল্লিখিত পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সম্মানিত শিক্ষকমণ্ডলীকে বিগত বছরের শিক্ষাবোর্ডের এবং বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি পরীক্ষার প্রশ্নের আলোকে অধ্যয়নভিত্তিক/সিলেবাস অনুসারে MCQ প্রশ্নোত্তর প্রণয়ন করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

উল্লেখ্য, সম্মানিত বিভাগীয় প্রধানগণকে তাঁর বিভাগে এই কার্যক্রম (MCQ সাজেসন ও সলুশন তৈরী) সুষ্ঠুভাবে ও নির্ধারিত সময়ের মধ্যে সুসম্পন্ন লক্ষ্যে সভা আহ্বান করে দায়িত্ব বন্টন এবং দ্বাদশ শ্রেণির ক্লাস গুরুত্বপূর্ণ পূর্বেই প্রস্তুতি সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো। এই বিষয়টি অতীব জরুরী এবং এই বিষয়ে সম্মানিত বিভাগীয় প্রধান ও সম্মানিত শিক্ষকমণ্ডলীর কার্যকর ও আন্তরিক সহযোগিতা কামনা করছি।


অধ্যক্ষ ১০.০৫.২০২৬

নবাবগঞ্জ সরকারি কলেজ

চাঁপাইনবাবগঞ্জ।

প্রফেসর ড. মোঃ সেরাজ উদ্দীন

আইডি নং-৪৫৬১

অধ্যক্ষ

নবাবগঞ্জ সরকারি কলেজ
চাঁপাইনবাবগঞ্জ